



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term Answer Work Sheet - 7

Class: 4



Subject: Bengali Text: (ভোম্বোল সর্দার)

Date: 15/5/2020

১। শব্দের অর্থ লেখ :-

ক) ডোবা = ছোটো পুকুর

খ) সড়ক = রাস্তা

গ) সড়-সড় = শুকনো পাতার খস খস শব্দ

ঘ) ছোঁড়া = ছেলে

ঙ) কুমোর = যে মাটির পাত্র ও মূর্তি বানায়

২। শূন্যস্থান পূরণ কর :-

ক) বাতাবি গাছটার দক্ষিণ দিকে কুমোরের রান্নাঘর ।

খ) ভোম্বোল ভাবল লেবুটা ছুঁড়ে ফেলে লাফ দিয়ে বেড়ার বাইরে পড়ে চলে যাব ।

গ) গোলমাল শুনে পাড়ার কয়েকটা ছেলে সেখানে ছুটে এল ।

ঘ) না নামলেও ওরা লোকজন জড়ো করে তাকে গাছ থেকে টেনে নামবে ।

ঙ) দুজনই গাছে চড়তে ওস্তাদ ।

৩। বাক্য রচনা কর :-

ক) সড়ক = আমরা সড়ক পথে সেখানে গেলাম ।

খ) হোঁচট = হাঁটতে হাঁটতে আমি হোঁচট খেলাম ।

গ) অচেনা = অচেনা লোকের সঙ্গে ভাব জমাবে না ।

ঘ) চিৎকার = ছেলেটি চিৎকার করল ।

ঙ) ওস্তাদ = আমার ছোট ভাইটি দুষ্টুমিতে ওস্তাদ ।

৪। উত্তর লেখ :-

ক) কুমোর আর ভোস্বালের মধ্যে কে তাড়াতাড়ি গাছে উঠেছিল ?

উঃ) কুমোর আর ভোস্বালের মধ্যে ভোস্বাল তাড়াতাড়ি গাছে উঠেছিল ।

খ) ভোস্বাল গাছ থেকে কোথায় লাফ মেরেছিল ?

উঃ) ভোস্বাল গাছ থেকে রান্না ঘরের চালে লাফ মেরেছিল ।

গ) কারা হাততালি দিয়ে চিৎকার করেছিল ?

উঃ) পাড়ার ছেলেরা হাততালি দিয়ে চিৎকার করেছিল ।

ঘ) ভোস্বাল নিজেকে কার ছেলে বলে পরিচয় দিয়েছিল ?

উঃ) ভোস্বাল নিজেকে চাকি মশায়ের ছেলে বলে পরিচয় দিয়েছিল ।

ঙ) কুমোরের বউয়ের কোন কথায় ভোস্বালের রাগ ও অপমান হয়েছিল ?

উঃ) কুমোরের বউ ভোস্বালকে মিথ্যাবাদী আর চোর বলেছিল তাই ভোস্বালের রাগ ও অপমান হয়েছিল ।

Manashi Chaudhuri